



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন  
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ।  
[www.ncc.gov.bd](http://www.ncc.gov.bd)



## “প্রেস বিজ্ঞপ্তি”

### বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের নারায়ণগঞ্জ নগরী সফর

অদ্য বৃহস্পতিবার দুপুর ১.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয় নগর ভবনে মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী এর সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল আর মিলার। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন এলেন গুজমেন, ডিরেক্টর-ইউএসএআইডি, ক্যাথরিন স্টিফেন্স, মিশন ডিরেক্টর-ইউএসএআইডি ও হেলেন লাফেইভ, ডেপুটি চিফ অব মিশন, যুক্তরাষ্ট্র দূতাবাস, ঢাকা।

সাক্ষাৎকালে নারায়ণগঞ্জ নগরীর সংক্ষিপ্ত পরিচিতি, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত স্বাস্থ্যসেবা ও কোভিড কালীন বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার উপরে একটি উপস্থাপনা তুলে ধরেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আবুল আমিন।

মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী, নগরীর পরিবেশ, জলবায়ু, পর্যটন, ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ ও গণপরিসরসহ নগরীর বিভিন্ন অবকাঠামো উন্নয়ন ও পরিকল্পনার বিষয়ে অবহিত করেন।

মার্কিন রাষ্ট্রদূত আর্ল আর মিলার, নারায়ণগঞ্জ নগরীর সাথে শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য, পর্যটন, বিনিয়োগ, পরিবেশ, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন বিষয়ে একসাথে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। বিশেষ করে কোভিড পরবর্তী স্বাস্থ্যসেবা উন্নয়ন ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

এ সময় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আবুল আমিন, নগর পরিকল্পনাবিদ মোঃ মঈনুল ইসলাম, মেডিক্যাল অফিসার ডা. শেখ মোস্তফা আলী উপস্থিত ছিলেন।

তারিখ: ০৭ অক্টোবর ২০২১ইং

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন  
ফোন -০২-৭৬৩৩৪২৩  
ই-মেইল: [ceo@ncc.gov.bd](mailto:ceo@ncc.gov.bd)